# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯৬৩

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/১১. দু’ মুসলিম পরস্পর সংঘাতে লিপ্ত হলে

بَاب إِذَا الْتَقَى الْمُسْلِمَانِ بِسَيْفَيْهِمَا

আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا مُبَارَكُ بْنُ سُحَيْمٍ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَا مِنْ مُسْلِمَيْنِ الْتَقَيَا بِأَسْيَافِهِمَا إِلاَّ كَانَ الْقَاتِلُ وَالْمَقْتُولُ فِي النَّارِ " .

বাংলা

১/৩৯৬৩। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ দু’জন মুসলিম পরস্পর সশস্ত্র সংঘর্ষে লিপ্ত হলে হত্যাকারী ও নিহত ব্যক্তি উভয়ে জাহান্নামে যাবে।

## English

It was narrated from Anas bin Malik that the Prophet (ﷺ) said:
“There are no two Muslims who confront one another with their swords, but both the killer and the slain will be in Hell.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। গায়াতুল মারাম ২৫৬ নং পৃষ্ঠা। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুবারাক বিন সুহায়ম সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু বিশর আদ-দাওলাবী বলেন, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়, তার থেকে হাদিস গ্রহন করা যাবে না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৭৬৩, ২৭/১৭৫ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু মুবারাক বিন সুহায়ম এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২১০ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ১১ টি খুবই দুর্বল, ৪০ টি দুর্বল, ৬০ টি হাসান, ৯৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে

উল্লেখযোগ্য হলঃ বুখারী ৩১, ৬৮৭৫, ৭০৮৩, মুসলিম ১৫৭, ১৬৮১, ২৮৮৯, আবু দাউদ ৪২৬৮, আহমাদ ১৯০৯২, ১৯১১১, ১৯১৭৬, ১৯২৫১, মু'জামুল আওসাত ১৯৬০, ৮৫৭৪, শারহুস সুন্নাহ ২৫৪৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44928

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন